DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Nov 2026, 03:43 PM

জাতীয়

দেশের স্বাস্থ্যসেবায় বড় পরিবর্তন দরকার: রাষ্ট্রপতি

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শুক্রবার, ১৩ নভেম্বর ২০২৬, ০২:৪৭ PM



দেশের চিকিৎসাব্যবস্থায় বড় ধরনের সংস্কার প্রয়োজন বলে মন্তব্য করেছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর

দেশের চিকিৎসাব্যবস্থায় বড় ধরনের সংস্কার প্রয়োজন বলে মন্তব্য করেছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, স্বাস্থ্য খাতকে নতুন করে সাজানোর পাশাপাশি এ বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিদের দৃষ্টিভঙ্গি ও মানসিকতার পরিবর্তন জরুরি।

শুক্রবার (১৩ নভেম্বর) বাংলাদেশ প্রস্থোডোনটিক সোসাইটি আয়োজিত প্রথম আন্তর্জাতিক কনফারেন্স ও ডেন্টাল এক্সপো-২০২৬-এর উদ্বোধনী অনুষ্ঠানে রাষ্ট্রপতি এসব কথা বলেন। অনুষ্ঠানে তিনি সংগঠনটির স্মারকগ্রন্থের মোড়ক উন্মোচন করেন। পরে আয়োজকদের পক্ষ থেকে তাঁকে সম্মাননা স্মারক দেওয়া হয়।

রাষ্ট্রপতি বলেন, দেশের মেধাবী শিক্ষার্থীদের বড় একটি অংশ চিকিৎসাশাস্ত্রে পড়াশোনা করে। এ খাতে সরকারের বিনিয়োগও কম নয়। তবে সেই বিনিয়োগের প্রত্যাশিত সুফল সাধারণ মানুষ পাচ্ছে না। চিকিৎসাব্যবস্থায় নানা জটিলতা তৈরি হওয়ায় মানুষের প্রয়োজনীয় সেবা পাওয়া

কঠিন হয়ে পড়েছে। বিশেষ করে দাঁতের চিকিৎসার উচ্চ ব্যয় সাধারণ মানুষের জন্য বড় বাধা হয়ে দাঁড়িয়েছে।

সরকারি হাসপাতালগুলোর দুরবস্থার কথা উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, এসব প্রতিষ্ঠানে অনেক ক্ষেত্রে প্রয়োজনীয় চিকিৎসক ও চিকিৎসাসেবার ঘাটতি রয়েছে। উপজেলা পর্যায়ের স্বাস্থ্যকেন্দ্রগুলোতে চিকিৎসকের উপস্থিতি নিশ্চিত করাও কঠিন হয়ে পড়েছে। এ পরিস্থিতিতে সাধারণ মানুষ বাধ্য হয়ে অদক্ষ চিকিৎসকদের শরণাপন্ন হচ্ছে।

তরুণ চিকিৎসকদের গ্রাম ও প্রত্যন্ত অঞ্চলে কাজ করার মানসিকতা তৈরির ওপর গুরুত্ব দেন রাষ্ট্রপতি। তিনি বলেন, চিকিৎসাশাস্ত্রে পড়াশোনা শেষ করে অনেক তরুণ চিকিৎসক গ্রামে যেতে আগ্রহী হন না। কেউ গেলেও কিছুদিন পর অন্য প্রশিক্ষণ কিংবা কাজের জন্য সেখান থেকে চলে যান। এ প্রবণতা থেকে বেরিয়ে আসতে হবে। প্রান্তিক এলাকার স্বাস্থ্যকেন্দ্রগুলোতে পর্যাপ্ত চিকিৎসক নিয়োগের জন্যও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান তিনি।

স্বাস্থ্য খাতের অনিয়ম ও অব্যবস্থাপনা দূর করতে সংশ্লিষ্ট ব্যক্তিদের আন্তরিকতার প্রয়োজনীয়তা তুলে ধরে রাষ্ট্রপতি বলেন, মানুষের প্রতি ভালোবাসা ও দায়িত্ববোধ থাকলে বিদ্যমান সমস্যাগুলোর সমাধান করা সম্ভব। একটি সর্বজনীন ও জনবান্ধব স্বাস্থ্যব্যবস্থা গড়ে তুলতে সবাইকে নিজ নিজ জায়গা থেকে দায়িত্ব পালন করতে হবে।


পেশাজীবী সংগঠনগুলোকে দলীয় রাজনীতির প্রভাবমুক্ত রাখার আহ্বান জানিয়ে মির্জা ফখরুল বলেন, পেশাগত সংগঠনে দলীয়করণের চর্চা থাকা উচিত নয়। সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে সংগঠনের নেতৃত্ব ও কার্যক্রমে ব্যাপক পরিবর্তনের প্রবণতা থেকেও বেরিয়ে আসা প্রয়োজন। এ ধরনের উদ্যোগ নেওয়া গেলে পেশাগত ক্ষেত্রের অনেক সমস্যা কমে আসবে।

আন্তর্জাতিক সম্মেলন আয়োজন করায় বাংলাদেশ প্রস্থোডোনটিক সোসাইটিকে ধন্যবাদ জানান রাষ্ট্রপতি। তিনি আশা প্রকাশ করেন, এ আয়োজনের মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে সংগঠনটির অবস্থান আরও শক্তিশালী হবে। একই সঙ্গে দেশের ডেন্টাল সার্জনদের পেশাগত উন্নয়ন এবং দাঁতের চিকিৎসাসেবার মান বাড়াতেও সংগঠনটি ভূমিকা রাখবে।

বাংলাদেশ প্রস্থোডোনটিক সোসাইটির সভাপতি অধ্যাপক ডা. আবু তৈয়ব মো. আহসান উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের সভাপতি অধ্যাপক ডা. মো. সাইফুল ইসলাম এবং বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডেন্টাল অনুষদের ডিন অধ্যাপক ডা. সাখাওয়াত হোসেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সংগঠনের আহ্বায়ক কমিটির সদস্যসচিব ডা. মো. আলমগীর কবির ও সাধারণ সম্পাদক অধ্যাপক ডা. মো. মাসুদুর রহমান।

এ বিভাগের আরও খবর



জ্বালানি তেল বিক্রিতে বিপিসির লোকসান ২৭ হাজার ৬৬৯ কোটি টাকা

আন্তর্জাতিক বাজারের তুলনায় কম দামে দেশের বাজারে জ্বালানি তেল বিক্রি করায় চলতি বছরের মার্চ থেকে ২৫ অক্টোবর পর্যন্ত বাংলাদেশ পেট্রোলিয়াম করপোর...



পলায়ন ও অসদাচরণের অভিযোগে ৬ পুলিশ কর্মকর্তা বরখাস্ত

দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকা, কর্তব্যস্থল ত্যাগ ও গুরুতর অসদাচরণের অভিযোগে ছয় পুলিশ কর্মকর্তাকে চাকরি থেকে বরখাস্ত করেছে সরকার। একই অভি...



তেল চুরি ঠেকাতে পাইপলাইন, এখন সেই পাইপলাইনেই চুরি

জ্বালানি তেল পরিবহনে চুরি, অপচয় ও ব্যয় কমানোর লক্ষ্য নিয়ে প্রায় ৩ হাজার ৭০০ কোটি টাকা খরচ করে নির্মাণ করা হয়েছিল চট্টগ্রাম-ঢাকা পাইপলাইন। কি...



প্রাণিসম্পদ খাতে ১৭ হাজার কোটি টাকা বিনিয়োগের পরিকল্পনা, প্রস্তাব ৩৪ প্রকল্প

প্রাণিসম্পদ খাতের আধুনিকায়ন ও উৎপাদন বাড়াতে প্রায় ১৭ হাজার কোটি টাকা বিনিয়োগের উদ্যোগ নিয়েছে প্রাণিসম্পদ অধিদপ্তর। এ লক্ষ্যে জাতীয় চিড়িয়াখান...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/desher-sbasthjsebay-br-pribrtn-drkar-rashtrpti